# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (১) ধারার বিধান অনুসারে

**যুগ্ম জেলা জজ ও জজ অর্থঋণ ১ম আদালত, কিশোরগঞ্জ।**

মোকদ্দমা নং ২৮/২০২৩ অর্থঋণ ডিক্রিজারী

ডিক্রিদার: সোনালী ব্যাংক পিএলসি, (সাবেক সোনালী ব্যাংক লিমিটেড), প্রধান কার্যালয় মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, যাহার শাখা কার্যালয় কিশোরগঞ্জ শাখার পক্ষে এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও শাখা প্রধান, সোনালী ব্যাংক পিএলসি, (সাবেক সোনালী ব্যাংক লিমিটেড), কিশোরগঞ্জ শাখা, সাকিন-হারুয়া, ডাকঘর-কিশোরগঞ্জ, উপজেলা ও জেলা-কিশোরগঞ্জ।

-বনাম-

দায়িক:

১। মেসার্স তানহা এন্টারপ্রাইজ, প্রোঃ আবদুল্লাহ আল নায়িম, পিতা-মোঃ মজিবুর রহমান মানিক, ব্যবসায়িক ঠিকানা: ২২৪ হারুয়া চৌরাস্তা মোড়, ডাকঘর-কিশোরগঞ্জ, উপজেলা-কিশোরগঞ্জ, জেলা-কিশোরগঞ্জ, স্থায়ী ঠিকানাঃ সাকিন-পশ্চিম হারুয়া, (বিসমিল্লাহ মসজিদ সংলগ্ন), ডাকঘর-কিশোরগঞ্জ, উপজেলা-কিশোরগঞ্জ, জেলা-কিশোরগঞ্জ।

২। আবদুল্লাহ আল নায়িম, পিতা-মোঃ মজিবুর রহমান মানিক, সাকিন-পশ্চিম হারুয়া, (বিসমিল্লাহ মসজিদ সংলগ্ন), ডাকঘর-কিশোরগঞ্জ, উপজেলা-কিশোরগঞ্জ, জেলা-কিশোরগঞ্জ।

৩। মোঃ মজিবুর রহমান মানিক, পিতা-মৃত হোসেন আলী, মাতা-মৃত শামছুন্নাহার, সাকিন-পশ্চিম হারুয়া, (বিসমিল্লাহ মসজিদ সংলগ্ন), ডাকঘর-কিশোরগঞ্জ, উপজেলা-কিশোরগঞ্জ, জেলা-কিশোরগঞ্জ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডিক্রিদার সোনালী ব্যাংক পিএলসি, (সাবেক সোনালী ব্যাংক লিমিটেড), কিশোরগঞ্জ শাখা দায়িক পক্ষের নিকট হইতে বিগত ইং ১৮/০৭/২০২৩ তারিখ পর্যন্ত সুদাসলে =১৯,৯৭,৯৭৮/- (উনিশ লক্ষ সাতানব্বই হাজার নয়শত আটাত্তর) টাকাসহ আদায়কালতক পাওনা সাকুল্য টাকা আদায়ের লক্ষ্যে যুগ্ম জেলা জজ ও জজ অর্থঋণ ১ম আদালত, কিশোরগঞ্জ সম্মুখে রক্ষিত নিলামের দরপত্র বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ১৪/৫/২৫ ইং তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হইতে দরপত্র আহ্বান করা যাইতেছে এবং ঐ দিন বেলা ২.৩০ ঘটিকার সময় (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হইবে।

## শর্তাবলী

১। প্রত্যেক দরদাতাকে নিজ নিজ প্যাডে অথবা সাদা কাগজে নিজ পরিচয়সহ বিস্তারিত উল্লেখে অত্র নিলাম বিজ্ঞপ্তির কপিসহ উদ্ধৃত দর অনুর্ধ্ব =১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর =১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব =৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর =৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

২। দরপত্র সরাসরি নির্দিষ্ট দরপত্র বাক্সে কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে নির্দিষ্ট সময়ে মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণের মাধ্যমে দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ্ব =১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে =১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব =৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং =৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ডিক্রিদার আর্থিক প্রতিষ্ঠান লিখিত দরখাস্ত দাখিল করিয়া দায়িকের সুবির্ধার্থে সময়সীমা বর্ধিত করিবার জন্য অনুরোধ করিলে আদালত নির্ধারিত সময়সীমার অনুর্ধ্ব ৬০ (ষাট) দিবস পর্যন্ত বর্ধিত করিতে পারিবে।

৪। উপরে বর্ণিত ৩নং দফা অনুসারে দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম এবং আদালত যদি ডিক্রিদারের আবেদনের সহিত একমত পোষণ করে তাহা হইলে আদালত উক্ত দরপত্র প্রস্তাব অগ্রাহ্য করিবেন।

৫। উপরের বর্ণিত ৩ দফা মতে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ ডিক্রিদারকে প্রদান করা হইবে। ডিক্রিকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করা হইবে এবং অতঃপর আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার ৩নং ক্রমিকে বর্ণিত নির্ধারিত সময় সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রিদারের দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৬। আদালত কর্তৃক গৃহীত দরপত্র দাতাকে তফসিল বর্ণিত সম্পত্তির দখল আদালত যোগে যথাসময়ে বুঝাইয়া দেওয়া হইবে। উক্ত ক্ষেত্রে আইনগত সকল বিধি বিধান প্রযোজ্য হইবে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা: কিশোরগঞ্জ, উপজেলা ও সাব-রেজিষ্ট্রি অফিস: কিশোরগঞ্জ, মৌজা: কিশোরগঞ্জ, জে.এল. নং-১৭০ (এস.এ), ৩৩ (আর.এস)

| খতিয়ান নং | | | | দাগ নং | | | শ্রেণি | পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| সি.এস | এস.এ | আর.এস | খারিজা | সি.এস | এস.এ | আর.এস | | |
| ৩৭০৬ | ১৬৬১ | ৬৭৭৭ | ২১৬৬৪ | ৩৩৫৬ | ৪৯৭০ | ১১৪২৩ | বাড়ি | ০৫.৩৭৫ শতাংশ |

মোয়াজী: ০৫.৩৭৫ শতাংশ ভূমি ও তদস্থিত যাবতীয় অবকাঠামো।

**বাংলা চৌহদ্দী:** উত্তরে-জাফর আলী, দক্ষিণে-পৌর রাস্তা, পূর্বে-খলিল হুজুর গং, পশ্চিমে-নজরুল ইসলাম, হিরু মিয়া গং।

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার

যুগ্ম জেলা জজ ও জজ অর্থঋণ ১ম আদালত,

কিশোরগঞ্জ।